

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৩৫৯

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (کتاب الرقاق)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ - ভয় ও কালা

اَلْفَصِيْلُ الثَّالِثُ (بَابِ الْبِكاءِ وَالْخَوْف)

### আরবী

وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَا مِنْ عَبْدٍ مُوْمِنٍ يَخْرُجُ مِنْ عَيْنَيْهِ دُمُوعٌ وَإِنْ كَانَ مِثْلَ رَأْسِ الذُّبَابِ مِنْ خَشْيَةِ اللَّهِ ثُمَّ يُصِيبُ شَيْئًا مِنْ حَرِّ وَجْهِهِ إِلَّا حَرَّمَهُ اللَّهُ عَلَى النَّارِ» . رَوَاهُ ابْنُ مَاجَه

اسناده ضعیف ، رواه ابن ماجم (4197) \* حماد بن ابی حمید : ضعیف ، اسمم محمد (تقدم : 5303) و هذا الحدیث من اجلم ضعفم البوصیری ـ (ضعیف)

#### বাংলা

৫৩৫৯-[২১] 'আবদুল্লাহ ইবনু মাস'উদ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: আল্লাহর (আযাবের) ভয়ে যে মুমিন বান্দার দুই চক্ষু হতে অশ্রু বের হয়, যদিও তা মাছির মাথার পরিমাণ হয়, অতঃপর তার কিছু চেহারার উপর গড়িয়ে পড়ে, আল্লাহ তার জন্য জাহান্নাম অবৈধ করে দেন। (ইবনু মাজাহ)

## ফুটনোট

য'ঈফ: ইবনু মাজাহ ৪১৯৭, হাম্মাদ নামের বর্ণনাকারীর নাম মুহাম্মাদ ইবনু আবূ হুমায়দ আয যুরাকি, তিনি য'ঈফ। য'ঈফুল জামি ৫১৯৬, য'ঈফাহ্ ৪৪৯০।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা :(دُمُوعٌ) অশ্রুসিক্ত যার সর্বনিম্ন পরিমাণ হলো তিন ফোটা।



وَإِنْ كَانَ مِثْلَ رَأْسِ الذَّبَابِ) যদিও ঐ চোখের পানির পরিমাণ মাছির মাথা সমপরিমাণ হয়।
(وَإِنْ كَانَ مِثْلَ رَأْسِ الذَّبَابِ) অতঃপর ঐ পানি শুধু আল্লাহর ভয়ে মুখের উপর গড়িয়ে পড়ে, তাহলেই আল্লাহ তা'আলা তার জন্য জাহান্নামকে হারাম করে দেন। (মিরক্লাতুল মাফাতীহ, ইবনু মাজাহ ৩/৪১৯৭)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন